গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

## পরিদর্শন প্রতিবেদন

পরিদর্শনের তারিখঃ ১৮.০৩.২০১৫ খ্রি:

| | | | |
|---|---|---|---|
| ১.০ | **প্রকল্পের নাম** | ঃ | "Construction of Election Resource Centre" শীর্ষক প্রকল্প। |
| ২.০ | **মন্ত্রণালয়/বিভাগ** | ঃ | নির্বাচন কমিশন সচিবালয় |
| ৩.০ | **বাস্তবায়নকারী সংস্থা** | ঃ | নির্বাচন কমিশন সচিবালয় |
| ৪.০ | **প্রকল্প এলাকা** | ঃ | আগারগাঁও, ঢাকা। |
| ৫.০ | **প্রাক্কলিত ব্যয়** (লক্ষ টাকায়) | ঃ | |
| ৫.১ | মূল | ঃ | ১৮৪৮৪.০০ |
| ৫.২ | সংশোধিত | ঃ | প্রযোজ্য নয় |
| ৬.০ | **বাস্তবায়নকালঃ** | | |
| ৬.১ | মূল | ঃ | জুলাই, ২০১১ - ডিসেম্বর, ২০১৫ |
| ৬.২ | সংশোধিত | ঃ | প্রযোজ্য নয় |
| ৭.০ | **প্রকল্পের অর্থায়ন** | ঃ | প্রকল্পটি সম্পূর্ণ সরকারী অনুদানে বাস্তবায়িত হচ্ছে। |

### ৮.০ প্রকল্পের পটভূমিঃ

বাংলাদেশ নির্বাচন কমিশন একটি সাংবিধানিক প্রতিষ্ঠান। বাংলাদেশ নির্বাচন কমিশন এবং নির্বাচন কমিশন সচিবালয় শের-ই-বাংলা নগরস্থ পরিকল্পনা কমিশন চত্বরের দু'টি ব্লকের সীমিত পরিসরে তাদের কর্মকান্ড পরিচালনা করছে। নির্বাচন কমিশন ইন্সটিটিউটটি আগারগাঁও-এ একটি ভাড়া বাড়িতে অবস্থিত। ২০০৭ সালের জানুয়ারী মাসে সংসদ নির্বাচন স্থগিত হওয়ার পর পুনর্গঠিত নির্বাচন কমিশন ১৮ মাসের মধ্যে দেশের সকল ভোটারের ছবিসহ একটি নতুন ভোটার তালিকা প্রণয়ন এবং জাতীয় পরিচয়পত্র সরবরাহের জন্য একটি উন্নয়ন প্রকল্প গ্রহণ করে যার আওতায় বিপুল পরিমাণ যন্ত্রপাতি বিশেষত ল্যাপটপ, কম্পিউটার, প্রিন্টার,ওয়েব-ক্যাম, ফিঙ্গার প্রিন্ট, স্ক্যানার, জেনারেটর প্রভৃতি সংগ্রহ করা হয়। এসব আধুনিক প্রযুক্তিগত ব্যবস্থার সাহায্যে ভোটারের তথ্য সংগ্রহ করে ছবিসহ ভোটার তালিকা প্রণয়নের পাশাপাশি ভোটারের জন্য জাতীয় পরিচয়পত্র তৈরি ও বিতরণ করা হয়। একাজে একটি কম্পিউটার ডাটা বেইজ তৈরি করা হয় যার দ্বারা প্রতি বছরই সংযোজন-বিয়োজন ও পরিবর্তনের মাধ্যমে ভোটার তালিকা হালনাগাদ করা হচ্ছে। এ কার্যক্রম বর্তমানে Identification System for Enhancing Access to Services (IDEA) শীর্ষক অপর একটি প্রকল্পের আওতায় আগারগাঁও এ ভাড়া করা ভবনে পরিচালিত হচ্ছে। এ বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে বাংলাদেশ নির্বাচন কমিশন, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ডাটা সেন্টার, ভোটার তালিকা হালনাগাদকরণ ও জাতীয় পরিচয়পত্র প্রদান প্রভৃতি কার্যক্রম সম্পর্কিত দপ্তর স্থাপন ইত্যাদি কারণে অবকাঠামোগত সুবিধা সৃষ্টির লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

### ৮.২ প্রকল্পের উদ্দেশ্যঃ

প্রকল্পের আওতায় নির্বাচন কমিশন ও নির্বাচন কমিশন সচিবালয়ের জন্য আধুনিক নির্বাচন কমিশন কমপ্লেক্স নির্মাণ করার উদ্দেশ্যে প্রকল্পটি গৃহীত ও বাস্তবায়িত হচ্ছে। নির্বাচন কমিশন সচিবালয় ছাড়াও নির্বাচন প্রশিক্ষণ ইন্সটিটিউট, জেলা নির্বাচন অফিস, প্রিন্টিং ও স্টোরেজ সুবিধাসহ সেন্ট্রাল সার্ভার স্টেশন স্থাপনসহ অবকাঠামো নির্মাণের মাধ্যমে নির্বাচনের জন্য আধুনিক সুবিধাসম্বলিত মানসম্পন্ন পরিবেশ তৈরী করাই উক্ত প্রকল্পের মূল উদ্দেশ্য।

## ৯.০ প্রকল্পের অনুমোদনঃ

নির্বাচন কমিশন সচিবালয়ের আওতায় 'ইলেকশন রিসোর্স সেন্টার নির্মাণ ' প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে বিবেচনার জন্য পরিকল্পনা কমিশনে গত ২৮-০৩-২০১১ তারিখে অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটির সভায় সুপারিশ করা হয় এবং গত ১৩-০৯-২০১১ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়।

## ১০.০ প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ

(লক্ষ টাকায়)

| ক্র:নং | পিপি অনুযায়ী কাজের অংগ | প্রাক্কলিত ব্যয় | জুন, ২০১৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | | চলতি বছরে লক্ষ্যমাত্রা | | ২০১৪-২০১৫ অর্থ বছরের মার্চ মাস পর্যন্ত অগগ্রতি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | আর্থিক | বাস্তব (অংশের %) | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব (অংশের %) |
| ১. | কর্মকর্তার বেতন | ৬৪.৪০ | ১০.২৬ | ১৬% | ২০.০০ | ৩১.০৬% | ৩.০৪ | ১৫.২০% |
| ২. | কর্মচারীর বেতন | ২৯.৯৮ | ৯.৪৭ | ৩২% | ১২.০০ | ৪০.০৩% | ২.৯৯ | ২৪.৯২% |
| ৩. | ভাতা | ৮০.৮৪ | ১৩.৩৩ | ১৬% | ২২.৫০ | ২৭.৮৩% | ৪.৩১ | ১৯.১৬% |
| ৪. | মেরামত এবং রক্ষণাবেক্ষণ | ৫.০০ | ২.৪৬ | ৪৯% | ১০.৫০ | ২১০.০০% | ০.৩৭ | ৩.৫২% |
| ৫. | সরবরাহ এবং সেবা | ৪৯৯.১২ | ১৮৫.২৫ | ৩৭% | ২৩৫.০০ | ৪৭.০৮% | ৩.৬৩ | ১.৫৪% |
| ৬. | গাড়ী | ২৫.০০ | ২৪.৫০ | ৯৮% | ০.০০ | ০% | ০.০০ | ০% |
| ৭. | কম্পিউটার যন্ত্রপাতি | ১১.৫০ | ৪.৪০ | ৩৮% | ০.০০ | ০% | ০.০০ | ০% |
| ৮. | অফিস ইকুইপমেন্ট | ৫.৫০ | ৫.৩৭ | ১০০% | ০.০০ | ০% | ০.০০ | ০% |
| ৯. | আসবাবপত্র | ২০০.০০ | ০.০০ | ০% | ০.০০ | ০% | ০.০০ | ০% |
| ১০. | বিইসি ভবন নির্মাণ | ৮৫২৮.৬১ | ২৭৬৪.০০ | ৩২% | ৪২০০.০০ | ৬০ | ৩১০০.০০ | ৪৫% |
| ১১. | ইটিআই ভবন নির্মাণ | ৪৬১৩.৬৬ | ১৬৩১.০০ | ৩৫% | | ৯০ | | ৭০% |
| ১২ | ফায়ার ফাইটিং সিস্টেম | ৭০০.০০ | ০.০০ | ০% | ০.০০ | ০% | ০.০০ | ০% |
| ১৩. | এয়ার কুলিং সিস্টেম | ৭০০.০০ | ০.০০ | ০% | ০.০০ | ০% | ০.০০ | ০% |
| ১৪. | সাইট ডেভলপ্টমেন্ট | ৫.০০ | ০.০০ | ০% | ০.০০ | ০% | ০.০০ | ০% |
| ১৫. | সীমানা প্রাচীর | ৮৯.৫৮ | ০.০০ | ০% | ০.০০ | ০% | ০.০০ | ০% |
| ১৬. | রোড এন্ড পেভমেন্ট | ৫৩.২৫ | ০.০০ | ০% | ০.০০ | ০% | ০.০০ | ০% |
| ১৭. | অন্যান্য ইনফাস্ট্রাকচার | ১১০.০০ | ০.০০ | ০% | ০.০০ | ০% | ০.০০ | ০% |
| ১৮. | আরবরিকালচার ওরিস এন্ড ল্যান্ড - স্কেপিং | ৩১.০০ | ০.০০ | ০% | ০.০০ | ০% | ০.০০ | ০% |
| ১৯. | বহিঃ পানি সরবরাহ | ১৫৫.০০ | ০.০০ | ০% | ০.০০ | ০% | ০.০০ | ০% |
| ২০. | এক্সটারনাল ইলেকট্রিফিকেশান | ৯৪৫.০০ | ০.০০ | ০% | ০.০০ | ০% | ০.০০ | ০% |
| ২১. | সোলার এনার্জি সিস্টেম | ৯০০.০০ | ০.০০ | ০% | ০.০০ | ০% | ০.০০ | ০% |
| ২২. | হাই-টেক সিকিওরিটি সিস্টেম | ১০০.০০ | ০.০০ | ০% | ০.০০ | ০% | ০.০০ | ০% |
| ২৩. | রেইন ওয়াটার হারভেস্টিং সিস্টেম | ৪০.০০ | ০.০০ | ০% | ০.০০ | ০% | ০.০০ | ০% |
| ২৪. | ওয়াটার বডি এন্ড ফাউন্টেইন | ৬০.০০ | ০.০০ | ০% | ০.০০ | ০% | ০.০০ | ০% |
| ২৫. | ফিজিক্যাল কনটিনজেন্সি | ১৭২.৭৩ | ০.০০ | ০% | ০.০০ | ০% | ০.০০ | ০% |
| ২৬. | প্রাইস কনটিনজেন্সি | ৩৫৯.০৫ | ০.০০ | ০% | ০.০০ | ০% | ০.০০ | ০% |
| | মোট= | ১৮৪৮৪.০০ | ৪৬৫০.০৪ | ২৫% | ৪৫০০.০০ | ২৪.৩৫% | ৩১১৪.৩৪ | ৬৯.২১% |

চলতি অর্থবছরে (২০১৪-১৫) প্রকল্পের বিপরীতে বরাদ্দ ছিল ৪৫০০.০০ লক্ষ টাকা। মার্চ'১৫ পর্যন্ত ব্যয় হয়েছে ৩১১৪.৩৪ লক্ষ টাকা অর্থাৎ বরাদ্দের মাত্র ৬৯.২১% এবং ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৭৭৬৮.৯২ লক্ষ টাকা (৪২.০৩%) যা প্রকল্প বাস্তবায়নের মন্থর গতিকে চিহ্নিত করে।

## ১১.০ প্রকল্প পরিদর্শনঃ

১১.১ রাজধানীর আগারগাঁও এলাকায় নির্বাচন কমিশন কর্তৃক বাস্তবায়নাধীন ''কনস্ট্রাকশন অব ইলেকশন রিসোর্স সেন্টার (ERC)'' শীর্ষক প্রকল্পটি গত ১৮.০৩.২০১৫ ইং তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময়ে প্রকল্প পরিচালক, নির্বাচন কমিশনের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এবং গণপূর্ত অধিদপ্তরের সংশ্লিষ্ট প্রকৌশলী উপস্থিত ছিলেন। পরিদর্শনে প্রাপ্ত প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি নিম্নে বর্ণনা করা হল :

''কনস্ট্রাকশন অব ইলেকশন রিসোর্স সেন্টার (ERC)'' প্রকল্পটি ঢাকার আগারগাঁও অঞ্চলে ই-১৪/জেড-এ প্লটে ২.৩৬ একর জমিতে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের প্রধান দু'টি কম্পোনেন্ট হচ্ছে 'Bangladesh Election Commission(BEC)'এবং 'Election Training Institute (ETI)'- এ দুটি ভবন নির্মাণ। নির্বাচন কমিশন এবং নির্বাচন কমিশন সচিবালয়ের জন্য আধুনিক নির্বাচন কমিশন কমপ্লেক্স নির্মিত হওয়ার পরিকল্পনা নিয়ে আলোচ্য প্রকল্পটি গ্রহণ ও বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পের আওতায় নির্মাণাধীন স্থাপনা দু'টিতে নির্বাচন কমিশন সচিবালয় ছাড়াও নির্বাচন প্রশিক্ষণ ইন্সটিটিউট, জেলা নির্বাচন অফিস, প্রিন্টিং ও স্টোরেজ সুবিধাসহ সেন্ট্রাল সার্ভার স্টেশন স্থাপন করার পরিকল্পনা রয়েছে। ভবন নির্মাণ কাজ Delegated Work হিসেবে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে। এছাড়া BEC এবং ETI ভবনদ্বয়ের নির্মাণ কাজের সার্বক্ষণিক Supervision Consultant হিসেবে 'Prokolpo Upodeshta Ltd'-কে নিয়োগ দেয়া হয়েছে। প্রকল্পের আওতায় নির্মীয়মান ভবন দু'টির বাস্তবায়ন অগ্রগতি পর্যায়ক্রমে বর্ণনা করা হল :

**ক. Bangladesh Election Commission (BEC) ভবনঃ**

আলোচ্য প্রকল্পের আওতায় ০২টি বেইজমেন্টসহ ১১ তলাবিশিষ্ট BEC ভবনটি ডেলিগেটেড ওয়ার্ক হিসেবে গণপূর্ত অধিদপ্তর বাস্তবায়ন করছে। মোট ২৩৮১৩ বর্গমিটার আয়তনবিশিষ্ট BEC ভবনটি নির্মাণের জন্য প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে ভবন নির্মাণসহ অভ্যন্তরীণ বিদ্যুৎ, পানি ও গ্যাস সরবরাহ, পয়ঃপ্রণালী ও আনুষঙ্গিক কাজের জন্য বরাদ্দ রয়েছে ৮৫২৮.৬১ লক্ষ টাকা। এগার তলা উচ্চতাবিশিষ্ট BEC ভবনটিতে বাংলাদেশ নির্বাচন কমিশন, নির্বাচন কমিশন সচিবালয়, জাতীয় পরিচয়পত্র ডিপার্টমেন্ট প্রভৃতি দপ্তর থাকবে। এছাড়া, এ ভবনে পরিচয়পত্র মুদ্রণ ফ্যাসিলিটি, কনফারেন্স, মিটিং, রিসিপশন, ডাইনিং, লাইব্রেরী, প্রেস, সম্প্রচার ইত্যাদি সুবিধাদি তৈরী করা হবে।

## ১১.২ নির্মাণকাজের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্য :

আলোচ্য ভবনটি নির্মাণের লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক PPR-০৪ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM) দৈনিক যুগান্তর, দৈনিক ইত্তেফাক ও New Age পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে ১৪.০৬.২০১২ তারিখে ১মবার দরপত্র আহবান করা হয়। প্রাপ্ত দরপত্রে সর্বনিম্ন দর ১০% উর্ধহার হওয়ায় ১৮.১০.২০১২ তারিখে ২য়বার দরপত্র আহবান করা হয় কিন্তু দরপত্র আহবানকালে টেন্ডার ডকুমেন্ট যথাযথভাবে প্রণীত না হওয়ায় মন্ত্রণালয়ের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে তৃতীয়বার দরপত্র আহবান করা হয়। অবশেষে সর্বনিম্ন দরদাতা 'TEAL-TBL Consortium-কে অনুমোদিত DPP-তে এখাতে সংস্থানকৃত ৭৯৪৩.৬১ লক্ষ টাকা অপেক্ষা ৪২৭.৫৩ লক্ষ টাকা বেশী দর অর্থাৎ ৮৩৭১.১৫ লক্ষ টাকায় কার্যাদেশ দেয়ার প্রস্তাব সরকার ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কর্তৃক অনুমোদিত হয়। তবে অতিরিক্ত ৪২৭.৫৩ লক্ষ টাকা অন্তর্ভুক্তির জন্য ডিপিপি সংশোধন সাপেক্ষে এবং সংশোধন অনুমোদন না হওয়া পর্যন্ত অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী ৭৯৪৩.৬১ লক্ষ টাকার মধ্যে নির্মাণ কাজ সীমাবদ্ধ রাখার শর্তে ক্রয় প্রস্তাব অনুমোদন করা হয়। আবার তৃতীয়বার দরপত্র আহবানকালে পূর্ববর্তী সর্বনিম্ন দরদাতা কর্তৃক Writ petition করা হলে মহামান্য সুপ্রীম কোর্ট বিভাগ BEC ভবনের দরপত্র আহ্বান কার্যক্রমের উপর ০২ (দুই) মাসের স্থগিতাদেশ জারী করেন। এর ফলে প্রকল্পের কার্যক্রম ২০১১ সালের শেষার্ধে শুরু করা হলেও BEC ভবন নির্মাণ কাজ অনেক বিলম্বে শুরু করা হয়।

১১.৩ **বাস্তবায়ন অগ্রগতি** : পরিদর্শনের দিন পর্যন্ত ৫ম তলার ছাদ ঢালাই করার কাজ সম্পন্ন হয়েছে পরিলক্ষিত হয়েছে এবং বেইজমেন্টে অবস্থিত অডিটোরিয়ামের পেরিফেরিয়াল ওয়ালের ঢালাই কাজ চলছে মর্মে অবহিত করা হয়েছে। আগামী জুলাই,১৫ মাস নাগাদ সর্বশেষ ছাদ ঢালাইয়ের কাজ সম্পন্ন হবে মর্মে প্রকল্প পরিচালক আশাবাদ ব্যক্ত করেন।



ছবি : নির্মাণাধীন BEC ভবন

**খ. Election Training Institute (ETI) ভবন :**

Election Training Institute (ETI) শীর্ষক নির্মাণাধীন ভবনটি ১২তলা ফাউন্ডেশনে ১২ তলা বিশিষ্ট একটি ভবন যা Delegated Work হিসেবে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন রয়েছে। এ ভবনে নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট এর পাশাপাশি ঢাকা আঞ্চলিক ও জেলা নির্বাচন অফিস স্থাপন করা হবে। বারতলা এ ভবনটির মোট আয়তন ১১,২৩৩ বর্গমিটার।

১১.৪ **ভবন নির্মাণে প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্য :**

ETI ভবনটি নির্মাণের জন্য গণপূর্ত অধিদপ্তর কর্তৃক উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) অনুসরণপূর্বক দৈনিক ইত্তেফাক, দৈনিক যুগান্তর, দৈনিক জনকন্ঠ, The New Age এবং The Independent পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। পরবর্তীতে ক্রয় প্রক্রিয়ার সকল ধাপ সম্পন্ন করে সর্বনিম্ন দরদাতা "মেসার্স কুশলী নির্মাতা লিঃ" শীর্ষক ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে গত ০৬.০২.২০১৩ তারিখে ৩৫,৯৪,৯৬,৮৫৩/- টাকায় ETI ভবন নির্মাণের জন্য চুক্তি স্বাক্ষর করা হয়। চুক্তির মেয়াদ ৩৬ মাস।

১১.৫ **বাস্তবায়ন অগ্রগতি :**

প্রকল্পের নির্মাণাধীন দু'টি ভবনের মধ্যে Election Training Institute (ETI) ভবনের নির্মাণ কাজ অনেকাংশে এগিয়ে আছে। ভবনটির ১২ তলার ছাদ, লিফট মেশিনরুম ও ওভারহেড ওয়াটার ট্যাংক এর ঢালাই কাজ সম্পন্ন হয়েছে মর্মে পরিদর্শনের দিন প্রকল্প পরিচালক অবহিত করেছেন। ভবনের বাইরে এবং ভেতরে প্লাস্টার ওয়ার্ক চলমান। অর্থাৎ স্থাপত্য কাজ সম্পূর্ণ শেষ। বর্তমানে স্যানিটারী এবং অভ্যন্তরীণ বিদ্যুৎ সংযোগের কাজ চলছে। অচিরেই ভবনের ইন্টেরিয়র ডিজাইনের কাজ শুরু করা হবে এবং একাজ স্থাপত্য অধিদপ্তর কর্তৃক করা হবে বলে জানা গেছে।



ছবি : নির্মাণাধীন ETI ভবন

১২.০ **বাস্তবায়ন সমস্যাঃ**

১২.১ প্রকল্পটি ডিসেম্বর,১৫ মাসে সমাপ্ত হওয়ার জন্য নির্ধারিত আছে, তবে BEC ভবনের সম্পূর্ণ নির্মাণ কাজ উল্লিখিত সময়ের মধ্যে সমাপ্ত হবে কি-না তা নিশ্চিত নয়। সুতরাং প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করার প্রয়োজন পড়বে মর্মে প্রতীয়মান হয়;

১২.২ প্রকল্পের জনবলের স্বল্পতা রয়েছে মর্মে প্রকল্প পরিচালক অবহিত করেছেন। পর্যাপ্ত ও নির্ধারিত জনবলের অভাব প্রকল্পের সুষ্ঠু ও সময়মত বাস্তবায়নকে বিঘ্নিত করবে বলে আশংকা থাকে ; এবং

১২.৩ BEC ভবনের Detailed Design এখনও চূড়ান্ত অনুমোদিত হয়নি, যা প্রকল্পের গতিকে মন্থর করতে পারে। এছাড়া, ETI ভবনের ইন্টেরিয়র ডিজাইনের কাজও বাকী আছে, এটিও অনতিবিলম্বে চূড়ান্ত করা প্রয়োজন।

১৩.০ **সুপারিশঃ**

১৩.১ নির্মাণ কাজে প্রত্যাশিত গতি না থাকা এবং অন্যান্য কতিপয় কারণে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করার লক্ষ্যে ডিপিপি সংশোধন করা আবশ্যক মর্মে প্রতীয়মান হয়। সুতরাং ডিপিপি সংশোধন প্রক্রিয়া শীঘ্র আরম্ভ করা সমীচীন, যাতে করে প্রকল্পের গতি অব্যাহত থাকে;

১৩.২ প্রকল্পের আওতায় জনবলের স্বল্পতা দূর করার লক্ষ্যে অবিলম্বে শূণ্য পদ পূরণের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন ; এবং

১৩.৩ BEC ভবনের Detailed Design যথাশীঘ্র চূড়ান্ত করা প্রয়োজন। এছাড়া, স্থাপত্য অধিদপ্তর দ্বারা ETI ভবনের ইন্টেরিয়র ডিজাইনের কাজটি শুরু করার উদ্যোগ নেয়া বাঞ্ছনীয়।

১৭/০২/১৬

(সুফিয়া যাকারিয়া)
পরিচালক